JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো হ্যারিকেন ইর্মা এবং মারিয়া থেকে পুয়ের্তো রিকোর পুনরুদ্ধারে সহায়তা করতে প্রচেষ্টা অব্যাহত রাখার কথা ঘোষণা করেছেন

মেমোরিয়াল কমিশনের সদস্যেরা স্মৃতিসৌধের ডিজাইন এবং স্থাপন করার জন্য পরিকল্পনার অনুরোধ করবেন এবং গভর্নরের কাছে সুপারিশ করবেন

এই গ্রীষ্মে 10 সপ্তাহ ধরে 346 জনেরও বেশি স্টেট ইউনিভার্সিটি অফ নিয় ইয়র্ক (SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিয় ইয়র্ক (CUNY) ছাত্রছাত্রীকে পুয়ের্তো রিকোতে নিয়োজিত করা হবে

2019 সালে SUNY এবং CUNY এর ভলিন্টিয়ার সার্ভিস প্রোগ্রামের দ্বিতীয় বছর ক্ষতিগ্রস্ত বাড়িগুলির মেরামতের জন্য 500 ছাত্রছাত্রীকে পাঠিয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ হ্যারিকেন ইর্মা এবং মারিয়া থেকে পুয়ের্তো রিকোর পুনরুদ্ধারের জন্য সহায়তার প্রচেষ্টা অব্যাহত রাখার কথা ঘোষণা করেছেন, যার মধ্যে থাকছে নিউ হ্যারিকেন মারিয়া মেমোরিয়াল কমিশনের (Hurricane Maria Memorial Commission) সদস্যবৃন্দ এবং পুয়েতো রিকো তে SUNY এবং CUNY ছাত্রছাত্রীদের সাম্প্রতিক নিয়োজন যা 2017 সালের হ্যারিকেনের সময়ের ধ্বংসাত্মক প্রভাব থেকে দ্বীপটিকে পুনরুদ্ধার করতে সহায়তা করার তাদের লক্ষ্য অব্যাহত রাখবে।

"পুয়ের্তো রিকানরা হল আমেরিকার নাগরিক, এই গুরুত্বপূর্ণ ঘটনাটি যখন যুক্তরাষ্ট্রীয় প্রশাসন ভুলে গেছে, তখন নিউ ইয়র্ক স্টেট প্রথম দিন থেকে বলে এসেছে যে জীবনের চলার পথে প্রতিটি মুহূর্তে আমরা পুয়ের্তো রিকোর পাশে থাকব", **গভর্নর কুওমো বলেন।** "এখনও কাজ বাকি আছে আর সেই কারণেই এই গ্রীষ্মে পুনর্নির্মাণের জন্য SUNY এবং CUNY থেকে 300জন কলেজের ছাত্রছাত্রীকে নিয়ে আসা হচ্ছে, এবং ওই ছাত্রছাত্রীদের সাথে কাজ করার জন্য আমি আবার যাবো। আমরা একটি কমিশনও গঠন করছি যা হারিকেন মারিয়া এবং হারিকেন মারিয়ার দ্বারা ক্ষতিগ্রস্ত মানুষদের স্মরণ করবে। এবং এই সেপ্টেম্বরে, আমরা স্মৃতিসৌধটির ডিজাইন এবং ব্যাটারি পার্ক শহরে সেটি কোথায় করা হবে তা ঘোষণা করব।"

"আমাদের অসহায় নাগরিকেরা প্রতিদিন দুই সহস্র মানুষের জীবন ছিনিয়ে নেওয়া এবং দ্বীপটির জীবনযাত্রা চিরতরে পরিবির্তন করা ধ্বংসলীলা থেকে প্রত্যাবর্তন করতে এখনও প্রতিদিন কাজ করে চলেছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যবে থেকে হ্যারিকেনগুলি আছড়ে পড়েছে তবে থেকে নিউ ইয়র্ক, যুক্তরাষ্ট্রীয় প্রশাসনের মতো উদাসিন না থেকে, যেভাবে পেরেছে পুয়ের্তো রিকোর

মানুষদের পাশে থেকে তাদের পুনরুদ্ধারের প্রচেষ্টায় সহায়তা করেছে। SUNY এবং CUNY এর স্বেচ্ছাসেবকদের এই সাম্প্রতিক নিয়োজন এবং মেমোরিয়াল কমিটিটি, পুনর্নির্মাণ এবং হারিয়ে যাওয়া মানুষগুলিকে স্মরণ করতে সহায়তা করার জন্য আমাদের কাজকে অব্যাহত রাখবে।"

এক্সিকিউটিভ অর্ডার নং. ১৪৭ অনুযায়ী গঠিত মেমোরিয়াল কমিশনটি, এই সেপ্টেম্বরে হ্যারিকেন মারিয়ায় ক্ষতিগ্রস্ত এবং পরিত্রাণ পাওয়া মানুষদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে একটি নতুন স্মৃতিসৌধ তৈরি করা এবং পুয়ের্তো রিকান কমিউনিটির পুনরুজ্জীবনের জন্য পরিকল্পনার অনুরোধ করবে এবং সুপারিশ করবে। এই ধ্বংসাত্মক ঝড়টির ফলস্বরূপ প্রায় ৩,০০০ পুয়েররো রিকান তাদের প্রাণ হারিয়েছেন বলে অনুমান করা হচ্ছে। স্মৃতিসৌধের স্থান, ডিজাইন এবং স্থাপন সম্পর্কিত সুপারিশগুলি গভর্নরকে প্রদান করতে মেমোরিয়াল কমিশন তার কাজ আরম্ভ করবে। ব্যাটারি পার্কে স্মৃতিসৌধটির জন্য স্টেট ছয়টি সম্ভাব্য স্থান চিহ্নিত করেছে:

- **চেম্বারস স্ট্রিট ওভারলুক (Chambers Street Overlook):** সবথেকে উত্তর দিকের স্থানটি হল, ব্যাটারি পার্কের উচ্চতম স্থানে, স্টিউভেসান্ট হাই স্কুলের (Stuyvesant High School) ঠিক পশ্চিমে।
- **বেলভাডরে প্লাজা (Belvedere Plaza):** এই স্থানটি নর্থ কোভ মারিনার (North Cove Marina) উচ্চতর উত্তর পূর্ব কোণে অবস্থিত।
- **এসপ্লানেড প্লাজা (Esplanade Plaza):** এই স্থানটি নর্থ কোভ মারিনার (North Cove Marina) দক্ষিণ পশ্চিম কোণে অবস্থিত।
- **সাউথ কোভের উত্তর দিকে (North side of South Cove):** এই স্থানটি সাউথ কোভ পার্কের উত্তর পশ্চিম কোণে অবস্থিত।
- **সাউথ কোভের দক্ষিণ দিকে (South side of South Cove):** এই স্থানটি সাউথ কোভ পার্কের দক্ষিণ পশ্চিম কোণে অবস্থিত।
- **ওয়াগনার পার্কের উত্তর দিকে (North side of Wagner Park):** এই স্থানটি ইহুদি ঐতিহ্যের সংগ্রহশালার (Museum Of Jewish Heritage) নিকটে ওয়াগনার পার্কের উত্তর পশ্চিম কোণে অবস্থিত।

কমিশনটিতে গভর্নরের দ্বারা নিযুক্ত দশজন সদস্য থাকবেন, এবং নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকো (New York Stands with Puerto Rico)-র সভাপতি অ্যাসেম্বলী সদস্য মার্কস ক্রেসপো, কংগ্রেসওম্যান নাদিয়া ভেলাজকুয়েজ এবং কংগ্রেসম্যান জোস ই. সেরানো; স্টেটের সচিব রোসানা রোসাডো; এবং গভর্নরের পরামর্শদাতা আলফানসো ডেভিড দ্বারা পরিদর্শিত এবং সমন্বয় সাধন করা হবে। কমিশনের সদস্যদের মধ্যে থাকবেন:

- এডুইন মেলেন্ডেজ, ডিরেক্টর, সেন্টার ফর পুয়ের্তো রিকান স্টাডিজ (Center for Puerto Rican Studies), হান্টার কলেজ
- হাভিডান রডরিগেজ, প্রেসিডেন্ট, ইউনিভার্সিটি অ্যাট অ্যালবনি (University at Albany)
- এলিজাবেথ ভেলেজ, প্রেসিডেন্ট, দি ভেলেজ অর্গানাইজেশন (The Velez Organization), ব্যাটারি পার্কের অধিবাসী

- ব্রেন্ডা টরেস, এক্সিকিউটিভ ডিরেক্টর, কর্পোরেশন ফর দি কনজারভেশন অফ দি সান জুয়ান বে এসটুয়ারি (Corporation for the Conservation of the San Juan Bay Estuary)
- ডেনিস রিভেরা, প্রাক্তন প্রেসিডেন্ট, 1199/SEIU
- টেরেসা এ. স্যান্টিয়াগো, সভাপতি, কমিটি নভিয়েম্বার (Comité Noviembre)
- স্যান্টস রডরিগেজ, বৃহত্তর নিউ ইয়র্কের কমিউনিটি বিষয়ক এবং কৌশলগত উদ্যোগ, বিল্ডিং এবং কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Community Affairs & Strategic Initiatives, Building & Construction Trades Council) ডিরেক্টর
- হিল্ডা রোজারিও এসচার, ইবেরো আমেরিকান অ্যাকশন লীগের (Ibero American Action League) প্রাক্তন প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা
- টনিও বুর্গস, মুখ্য নির্বাহী কর্মকর্তা, টনিও বুর্গস অ্যান্ড অ্যাসোসিয়েটস (Tonio Burgos & Associates)
- ক্যাসিমিরো ডি. রডরিগেজ, পশ্চিম নিউ ইয়র্কের হিস্প্যানিক হেরিটেজ কাউন্সিল (Hispanic Heritage Council) এর সিনিয়র প্রেসিডেন্ট

গভর্নর তার নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকো উদ্যোগের সম্প্রসারিত প্রচেষ্টার দ্বিতীয় বছরের অংশ হিসাবে SUNY এবং CUNY ছাত্রছাত্রীদের প্রথম গ্রীষ্মকালীন নিয়োজনের কথাও ঘোষণা করেছেন হ্যারিকেন ইর্মা এবং মারিয়া দ্বারা বিধ্বস্ত বাড়িগুলির পুনর্নির্মাণের জন্য গভর্নর শীতকালে ইতিমধ্যে 154জন ছাত্রছাত্রী নিয়োজিত করেছেন।

এই গ্রীষ্মের 10 সপ্তাহের একটি সময়কালে, পুয়ের্তো রিকো তে 346 জনেরও বেশি ছাত্রছাত্রীকে নিয়োজিত করা হবে, যা গভর্নরের 2019 সালে 500জন স্বেচ্ছাসেবক ছাত্রছাত্রী পাঠানোর লক্ষ্যমাত্রা পুরণ করবে। বাড়িগুলি পরিষ্কার, পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণ করতে স্বেচ্ছাসেবকরা অমুনাফাভোগী পুনর্নির্মাণ সংস্থা অল হ্যান্ডস অ্যান্ড হার্টস (All Hands and Hearts), হার্ট 9/11 (Heart 9/11) এবং নেচামা (NECHAMA)-র সাথে কাজ করবে। ছাত্রছাত্রীদের দুই-সপ্তাহের ইনক্রিমেন্টের জন্য নিয়োগ করা হবে এবং তারা কলেজ ক্রেডিট অর্জন করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট রোসানা রোসাডো বলেছেন, "পুয়ের্তো রিকোর প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি অবিচল। গভর্নর কুওমোর নেতৃত্বে, আমরা আমাদের প্রতিবেশীদের পুনর্নির্মাণ এবং পুনরুদ্ধারে সহায়তার দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু করছি। মেমোরিয়াল কমিশন আমাদের অংশীদারীত্ব আরও মজবুত করবে এবং বাকি পৃথিবীকে দেখাবে যে আমরা সবসময় পুয়ের্তো রিকোর পাশে থাকব।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "পুয়ের্তো রিকোর মানুষদের তাদের পুনর্নির্মাণ প্রচেষ্টায় সহায়তা করতে শতাধিক ছাত্রছাত্রীদের নিয়োজন অব্যাহত রাখা SUNY এর মূল্যবোধ এবং কমিউনিটির প্রতি এবং অসহায় লোকেদের সাহায্য করার দায়বদ্ধতার মূলে রয়েছে। আমি আমাদের প্রত্যেক ছাত্রছাত্রীর অংশগ্রহণের আগ্রহ এবং যেখানে যখন সহায়তা প্রয়োজন সেখানে স্বেচ্ছায় তাদের সময় নিয়োজনের জন্য আমি অত্যন্ত গর্বিত। পুয়ের্তো রিকোর অসহায় মানুষদের পুনরুদ্ধার এবং বাড়িগুলির পুনর্নির্মাণের জন্য আমরা পুয়ের্তো রিকো এবং গভর্নরকে সহযোগিতা করা অব্যাহত

রাখব। গভর্নর কুওমো কে তার অবিরত নেতৃত্বের জন্য এবং পুয়ের্তো রিকোর মানুষদের জীবনযাত্রাকে আরও উন্নত করার জন্য প্রতিদিন কাজ করে চলা আমাদের সকল অংশীদারদের ধন্যবাদ জানাই।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেছেন, "পুয়ের্তো রিকো তে জন্ম ও বড় হয়ে ওঠা এবং সেই দ্বীপ ও তার অধিবাসীদের সাথে একটি আত্মিক সম্পর্ক থাকা একজন মানুষ হিসাবে, এটি এতটাই অর্থবহ যে গভর্নর কুওমো সেখানে দীর্ঘস্থায়ী ত্রানের প্রচেষ্টার জন্য অঙ্গীকারবদ্ধ। আমি গভর্নর কুওমো সেইসাথে ত্রান সংস্থাসমূহ – অল হ্যান্ডস অ্যান্ড হার্টস, হার্ট 9/11, এবং নেচামা – সকলকে তাদের অবিরত সহায়তার জন্য ধন্যবাদ জানাই। CUNY-র অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীদের বিভিন্ন গোষ্ঠীগুলির জন্যও আমি গর্বিত; তাদের মধ্যে অনেকের দ্বীপটির সম্পর্ক আছে, এবং কিছু হল হাইতি, নেপাল এবং বাংলাদেশের মতো জায়গার থেকে প্রাকৃতিক বিপর্যয়ে পরিত্রান পাওয়া মানুষ। এই ছাত্রছাত্রীরা তাদের সার্বজনীন সেবা এবং পরিষেবার শিক্ষণের প্রভাব এবং বাস্তব শিক্ষা থেকে ভবিষ্যতে উপকৃত হবে। কেউ একজন CUNY ছাত্রছাত্রীর থেকে বেশি পরিশ্রম করে না। CUNY কইমিউনিটি সবসময় পুয়ের্তো রিকোর মানুষদের পাশে থাকবে।"

নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকোর পুনর্নির্মাণ ও পুনর্গঠন কমিটির সহ সভাপতি, কংগ্রেসওম্যান নাদিয়া ভেলাজকোয়েজ বলেন, "পুয়ের্তো রিকোর মানুষদের সহায়তায় যুক্তরাষ্ট্রীয় সরকারের পদক্ষেপ ছাড়াও, আমাদের অসহায় নিউ ইয়র্কবাসীরা যখন অসুবিধায় পড়েছেন আমাদের দেশ তখন কিভাবে তাদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেয় তা প্রদর্শন করতে এবং সেই পথ অবলম্বন করার জন্য নিউ ইয়র্ক, বাকি দেশবাসীর কাছে একটি দৃষ্টান্ত স্থাপন করেছে। এই স্বেচ্ছাসেবক ছাত্রছাত্রীরা পুয়ের্তো রিকোর বহু মানুষ ও পরিবারের জীবনের উপর একটি ব্যাপক প্রভাব ফেলবে এবং পুয়ের্তো রিকোতে থাকা আমার ভাই ও বোনদের সাহায্য করতে গভর্নর কুওমোর এই অবিরত প্রচেষ্টাকে আমি ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকোর পুনর্নির্মাণ ও পুনর্গঠন কমিটির সহ সভাপতি, অ্যাসেম্বলি সদস্য মার্কোস এ. ক্রেসপো বলেন, "হ্যারিকেন ইর্মা এবং মারিয়া দ্বারা পুয়ের্তো রিকো বিপর্যস্ত হওয়ার পরে, নিউ ইয়র্ক স্টেট আমাদের অসহায় নাগরিকদের সহায়তা করার এবং দ্বীপটিকে পুনর্গঠন করার একটি অঙ্গীকার করেছে। গভর্নর কুওমো আরও কিছু স্বেচ্ছাসেবক ছাত্রছাত্রী নিয়োজিত করে তার এই প্রতিশ্রুতি পালন করছেন, যে স্বেচ্ছাসেবকরা হ্যারিকেনে গৃহহীন হয়ে পড়া বহুসংখ্যক পরিবারকে সহায়তা করবে। বাকি দেশবাসীর একটি বিষয় লক্ষ্য করা উচিত, গভর্নর কুওমো যখন আমাদের প্রয়োজনীয় নেতৃত্ব প্রদর্শন করছেন তখন আমাদের যুক্তরাষ্ট্রীয় প্রশাসন সেই আগের মতোই উদাসীন রয়েছেন।"

গ্যারি লাবারবেরা, বৃহত্তর নিউ ইয়র্কের বিল্ডিং ব্যবসার প্রেসিডেন্ট বলেছেন, "আমরা নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকো উদ্যোগের সাথে সহযোগিতা করতে পেরে গর্বিত যেখানে 200-রও বেশি ইউনিয়নভুক্ত বিল্ডিং ব্যবসার সদস্য পুনর্নির্মাণের জন্য নিয়োজিত হয়েছে। গভর্নর কুওমোর নেতৃত্ব এবং দর্শন ছাড়া, এগুলির কোনোটিই সম্ভবপর হত না এবং বহু পুয়ের্তো রিকান অধিবাসীদের মাথার উপর ছাদ থাকতো না।"

নিউ ইয়র্ক স্ট্যান্ডস উইথ পুয়ের্তো রিকো উদ্যোগ
2018 সালের সেপ্টেম্বর মাসে, পুনরুদ্ধারের প্রচেষ্টায় সহায়তা করতে SUNY এবং CUNY ছাত্রছাত্রীদের নিয়োজন অব্যাহত রাখার একটি প্রতিশ্রুতি সহ, গভর্নর কুওমো এই উদ্যোগটির একটি সম্প্রসারণের কথা ঘোষণা করেছিলেন।

উদ্যোগটির প্রথম বছরে, হ্যারিকেন মারিয়া এবং ইর্মার ধ্বংসলীলার প্রায় এক বছর পরেও পুনরুদ্ধারের চেষ্টা করা কমিউনিটিগুলিকে সহায়তা করতে গভর্নর 650 জনেরও বেশি SUNY এবং CUNY ছাত্রছাত্রী, সেইসাথে দক্ষ স্বেচ্ছাসেবক কর্মীকে নিয়োজিত করেছিলেন। বাড়িঘর পরিষ্কার, পুনঃস্থাপন ও পুনর্নির্মাণ করতে পাঁচ বারে পাঠানো স্বেচ্ছাসেবকেরা প্রায় 41,000 ঘন্টার কাজ করেছে। 150টি বাড়ি সংস্কার করার লক্ষ্য অতিক্রম করে 10 সপ্তাহে মোট 178টি বাড়ি পুনঃস্থাপন করা হয়।

স্টেট-মধ্যস্থ শিক্ষণে SUNY এবং CUNY এর অনুদান
গভর্নর কুওমোর নির্দেশানুযায়ী, SUNY এবং CUNY এর বোর্ড অফ ট্রাস্টি 2017 সালে শরত্কালে রিজোলিউশন পাশ করেছে যার ফলে হ্যারিকেন মারিয়া এবং ইর্মা দ্বারা ক্ষতিগ্রস্ত পুয়ের্তো রিকো এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন দ্বীপপুঞ্জের ছাত্রছাত্রীদের 2017-2018 শিক্ষাবর্ষে স্টেট-মধ্যস্থ হারে টিউশন পরিশোধ করার অনুমতি দেওয়া হয়েছে। উভয় সিস্টেমই 2018-2019 সালের জন্য স্টেট-মধ্যস্থ টিউশনের অনুদান নবীকরণ করেছে।

পুয়ের্তো রিকোর সমর্থনে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রচেষ্টা
2017 সালের সেপ্টেম্বর মাসে ঘূর্ণিঝড় মারিয়ার আঘাতের পর থেকে, গভর্নর কুওমো পাঁচ গেছেন এবং অভাবী কমিউনিটিগুলোর মধ্যে জরুরি সংস্থানের ব্যবস্থা করা অব্যাহত রেখেছেন। ঝড়ের অনতিবিলম্বে নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টা (Empire State Relief and Recovery Effort) প্রতিষ্ঠিত করে, যা পুরো স্টেটের 13টি দান কেন্দ্র থেকে কমপক্ষে 4,400 প্যালেট সাপ্লাই সংগ্রহ করে বিতরণ করে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট 1,000 এর নিযুক্ত করে, এর মধ্যে ছিল কয়েক শত ইউটিলিটি কর্মী এবং পাওয়ার বিশেষজ্ঞ পুনঃস্থাপন এবং গ্রিড স্ট্যাবিলাইজেশনে কাজ করে।

গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক শহরে বাস্তুচ্যুত 11,000 এর বেশি ঘূর্ণিঝড় মারিয়ার শিকার ব্যক্তির সমর্থনে প্রায় 13 মিলিয়ন মার্কিন ডলার খরচ করেছে। অঙ্গীকারটির অংশ হিসেবে, 2 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রারম্ভিক বিনিয়োগ যাবে সেইসব অংশীদারি প্রতিষ্ঠানের কাছে যারা দুঃস্থ পুয়ের্তো রিকানদের চাকরি, আবাসন, কল্যাণ কাউন্সেলিং এবং স্বাস্থ্যসেবার মতো প্রয়োজনীয় সেবার সাথে যুক্ত করে। এছাড়াও গভর্নর কুওমো বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের আবাসন ও কর্মসংস্থান তহবিলের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছেন: বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের রোবাস্ট কেস ম্যানেজমেন্ট সেবা প্রদানের জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রাম এবং কাজের প্রশিক্ষণ ও নিয়োগের জন্য 10 মিলিয়ন পর্যন্ত মার্কিন ডলার।

পুয়ের্তো রিকো যাতে আবশ্যকীয় ফেডারেল সহায়তা পায় তার জন্য গভর্নর কুওমো ও নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদল (New York Congressional Delegation) কাজ করে যাচ্ছে। 2017

সালে, গভর্নর কুওমো ও পুয়ের্তো রিকোর গভর্নর রিকার্ডো রসেলো নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদলের সাথে একত্রে একটি বিল্ড ব্যাক বেটার মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনটি বিনিয়োগ প্রয়োজন এমন বিশেষ ক্ষেত্র চিহ্নিত করে যেমন আবাসন, পাওয়ার গ্রিড এবং স্থিতিস্থাপকতা, কৃষি ইত্যাদি। জন নিরাপত্তা ও প্রথম প্রতিক্রিয়া দলের জন্য 487 মিলিয়ন মার্কিন ডলার এবং দীর্ঘ-মেয়াদি পুনরুদ্ধার ব্যবস্থাপনার জন্য 9 বিলিয়ন মার্কিন ডলার যোগ করার পর মোট তহবিল প্রয়োজন 94.4 বিলিয়ন মার্কিন ডলার।

2018 সালের সেপ্টেম্বর মাসে, ঘূর্ণিঝড় মারিয়ার আঘাতের এক-বছর পূর্তিতে, গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশে সাক্ষর করেন যা ঘূর্ণিঝড় মারিয়ার শিকার মৃত ও জীবিতদের প্রতি এবং পুয়ের্তো রিকান কমিউনিটির স্থিতির প্রতি সম্মান জানিয়ে একটি নতুন স্মৃতিসৌধ তৈরির জন্য সুপারিশ করতে একটি নতুন ঘূর্ণিঝড় মারিয়া স্মৃতিসৌধ কমিশন (Hurricane Maria Memorial Commission) গঠন করে। পাশাপাশি, 2018 সালের অক্টোবর মাসে গভর্নর কুওমো FEMA কে বলেন পুয়ের্তো রিকো কমিউনিটির জেনারেটর পুনঃস্থাপন করে দিতে।

পুয়ের্তো রিকোর জন্য চলমান পুনরুদ্ধার ও ত্রাণ প্রচেষ্টার বেপারে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে গভর্নরের পুয়ের্তো রিক ও মার্কিন ভার্জিন আইল্যান্ডের জন্য এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টার ওয়েবপেজ ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন